

■ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ১৩৭৩

১১/ জানায়া

পরিচ্ছেদঃ মৃত ব্যক্তির জন্য মানুষের প্রশংসার মাহাত্ম্য

আরবী

وَعَنْ أَبِي الْأَسْوَدِ قَالَ : قَدِمْتُ الْمَدِينَةَ فَجَلَسْتُ إِلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ فَمَرَّتْ بِهِمْ جَنَازَةُ فَأُثْنِيَ عَلَى صَاحِبِهَا خَيْرًا فَقَالَ عُمَرُ : وَجَبَتْ ثُمَّ مُرَبَّاً خَرَى فَأُثْنِيَ عَلَى صَاحِبِهَا خَيْرًا فَقَالَ عُمَرُ : وَجَبَتْ ثُمَّ مُرَبَّاً بِالثَّالِثَةِ فَأُثْنِيَ عَلَى صَاحِبِهَا شَرًا فَقَالَ عُمَرُ : وَجَبَتْ قَالَ أَبُو الْأَسْوَدِ : فَقُلْتُ : وَمَا وَجَبَتْ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ ؟ قَالَ : قُلْتُ كَمَا قَالَ النَّبِيُّ ﷺ أَيْمًا مُسْلِمٌ شَهَدَ لَهُ أَرْبَعَةُ بِخِيرٍ أَدْخَلَهُ اللَّهُ الْجَنَّةَ فَقُلْنَا : وَثَلَاثَةُ ؟ قَالَ وَلَوْثَلَاثَةُ فَقُلْنَا : وَاثْنَانِ ؟ قَالَ وَاثْنَانِ ثُمَّ لَمْ نَسْأَلُهُ عَنِ الْوَاحِدِ رواه البخاري

বাংলা

(১৩৭৩) আবুল আসওয়াদ (রহঃ) বলেন, আমি মদীনায় এসে উমার ইবনে খাত্বাব (রাঃ) এর নিকট বসলাম। অতঃপর তাঁদের পাশ দিয়ে একটি জানায়া পার হলে তার প্রশংসা করা হল। উমার (রাঃ) বললেন, ওয়াজেব (অনিবার্য) হয়ে গেল। অতঃপর আর একটা জানায়া পার হলে তারও প্রশংসা করা হলে উমার (রাঃ) বললেন, ওয়াজেব হয়ে গেল। অতঃপর তৃতীয় একটা জানায়া পার হলে তার নিন্দা করা হলে উমার (রাঃ) বললেন, ওয়াজেব হয়ে গেল। আবুল আসওয়াদ বলেন, আমি বললাম, কী ওয়াজেব হয়ে গেল? হে আমীরুল মুমিনীন!

তিনি বললেন, আমি বললাম, যেমন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন, যে মুসলিমের নেক হওয়ার ব্যাপারে চারজন লোক সাক্ষ দেবে, আল্লাহ তাকে জান্নাতে প্রবেশ করাবেন। আমরা বললাম, আর তিনজন? তিনি বললেন, তিনজন হলেও। আমরা বললাম, আর দু'জন? তিনি বললেন, দু'জন হলেও। অতঃপর আমরা এক জনের (সাক্ষ) সম্পর্কে আর জিজ্ঞাসা করলাম না।

ফুটনোট

(বুখারী ১৩৬৮, ২৬৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবুল আসওয়াদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=65121>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন